দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 15 JAN 1997 ...
পৃষ্ঠা ৭ কলাম ৩

৩টি কোর্স শেষ হয়নি

# ভর্তি পরীক্ষার ৯ মাস পর-

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ॥ ভর্তি পরীক্ষা দেয়ার নয় মাস পর এবং দু'বছরের সেশনজটের কারণে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের '৯৫-৯৬' শিক্ষাবর্ষের '৯শ' ৬০ জন সম্মান প্রথম বর্ষের ছাত্রছাত্রী আগামী ১৮ ফেব্রুয়ারি তাদের ক্লাস শুরু করবে। রবিবার উপাচার্য অধ্যাপক আমিরুল ইসলাম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত এক সভায় এ সিদ্ধান্ত নেয়া হয়।

ইতোমধ্যে দেশের অপর একটি ব্যাচ উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে। তারা উচ্চতর শ্রেণীতে ভর্তির জন্য অপেক্ষা করছে। বুয়েট, ইসলামী বিশ্ববিদ্যালয় এবং ঢাকা বিশ্ববিদ্যালয় ১৯৯৬-৯৭ নতুন শিক্ষা বর্ষে ভর্তির জন্য আবেদনপত্র আহ্বান করেছে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় পূর্ণ আবাসিক হওয়ায় এখানে ছাত্রছাত্রী ভর্তির সাথে হলের সিটের প্রত্যক্ষ সম্পর্ক রয়েছে। মাস্টার্স পরীক্ষা শেষে শিক্ষার্থীরা হল ত্যাগ করার পরই নবাগত ছাত্রছাত্রীদের হলে সিট বরাদ্দ দিয়ে ক্লাস শুরু হয়। অথচ এখন পর্যন্ত অর্থনীতি, ভূগোল ও গণিত বিভাগের মাস্টার্স কোর্স শেষ হয়নি।